Ajkaal .. 30.08.2026.. SSS Rice Mill

## রিকভারি অফিসারের অফিস
## ডেটস রিকভারি ট্রাইবুনাল কলকাতা (ডিআরটি ৩)

ফ্লোর নং ৮, জীবন সুধা বিল্ডিং, ৪২সি, জওহরলাল নেহরু রোড, কলকাতা–৭০০০৭১

বিষয়: মামলা নং আরপি/৩৭৭/২০২৫

(টিএ নং ২২/২০২৪)

**ব্যাঙ্ক অফ বরোদা**

বনাম

**এস এস এস রাইস মিল প্রাইভেট লিমিটেড ও অন্যান্য**

### বিক্রয় বিজ্ঞপ্তি

ই–নিলামের মাধ্যমে নিম্নলিখিত সম্পত্তি বিক্রির প্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী দ্বারা প্রদত্ত ১৪.০৮.২০২৬ তারিখের আদেশ নং ১০ অনুযায়ী এখানে নীচে দেওয়া বিশদ তথ্য অনুযায়ী আয়োজিত হবে:

স্থাবর সম্পত্তির বিবরণ:

**কারখানার জমি ও বাড়ির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, মাপ ৩.২৭ একর, যার অবস্থান: জে এল নং ১০৬ (সাবের নং ৪৯), তৌজি নং ৯৩, পরগনা–মাগুরা, সি এস ও আর এস দাগ নং ৫৭২৪, এল আর দাগ নং ৫৭২৪ (অংশ), সি এস খতিয়ান নং ২০৪৫, আর এস খতিয়ান নং ১৯১৩, ৩০৭০, ৪৭৬৩, ৪৬৮৩, ৩৯০৬, মৌজা খরি, গ্রাম–কোমাপনির ঠেক, পোঃ দক্ষিণ বায়ারগাদি, থানা রায়দিঘি, জেলা দক্ষিণ ২৪ পরগনা, গিলেরচত গ্রাম পঞ্চায়েতের অধীন, মথুরাপুর ২ নং গ্রাম পঞ্চায়েত সমিতি, পিন–৭৪৩৩৪৯। চৌহদ্দি: উত্তর: মিঃ সুধীর হালদারের সম্পত্তি; দক্ষিণ: আবু কালাম নস্করের সম্পত্তি; পূর্ব: ৫০ ফুট চওড়া রায়দিঘি রোড; পশ্চিম: মিঃ প্রফুল্ল হালদার ও অন্যদের সম্পত্তি।**

সম্পত্তিটি নিম্নস্বাক্ষরকারী দ্বারা জারিকৃত ১৪.০৮.২০২৬ তারিখের বিক্রয় ঘোষণাপত্রে নির্ধারিত শর্ত ও নিয়মাবলি সাপেক্ষে 'যেখানে যেমন আছে, যা কিছু আছে' ভিত্তিতে বিক্রি করা হবে।

এই বিক্রি আয়কর আইন, ১৯৬১–এর দ্বিতীয় তফসিল ও এর অধীনে রচিত বিধিসমূহে নির্ধারিত শর্তাবলি এবং নিম্নলিখিত অতিরিক্ত শর্তাবলি সাপেক্ষ হবে। তফসিলে নির্ধারিত লটে এই সম্পত্তি বিক্রি করা হবে। সম্পত্তির কোনও অংশের বিক্রয়মূল্য দিয়ে আদায়যোগ্য অর্থাঙ্ক মেটানো গেলে, বাকি অংশের প্রেক্ষিতে বিক্রি প্রক্রিয়াটি তৎক্ষণাৎ বন্ধ করে দেওয়া হবে।

সম্পত্তির স্থিরীকৃত সংরক্ষণ মূল্য হল ₹৬,৯৫,৩৯,০০০.০০ **(ছয় কোটি পঁচানব্বই লক্ষ উনচল্লিশ হাজার টাকা মাত্র)।**

আগ্রহী ক্রেতারা তাঁদের দরপ্রস্তাবের সঙ্গে ₹৬৯,৫৩,৯০০.০০ **বায়না অর্থাঙ্ক (ইএমডি) সংলগ্ন করে খামে ভরে মুখবন্ধ অবস্থায় সর্বশেষ ০৫.১০.২০২৬ তারিখ দুপুর ২টোর মধ্যে জমা দেবেন।** ওই খামের মধ্যে পূরণ করা বিড অ্যাপ্লিকেশন ফর্ম এবং সম্পত্তির বিশদ বিবরণ, প্যান কার্ডের প্রতিলিপি, ঠিকানা ও পরিচয়ের প্রমাণপত্রের প্রতিলিপি, ই–মেল আইডি, মোবাইল নম্বর এবং নিলামে অংশগ্রহণকারী সত্তা কোম্পানি হলে কোম্পানির প্রতিনিধি/ অ্যাটর্নি হওয়ার নিশ্চয়তা প্রদানকারী নথি এবং ইএমডি বাবদ ডিমান্ড ড্রাফ্‌ট বা টাকা জমা দেওয়ার রসিদ/ কাউন্টার ফাইল ভরে রিকভারি অফিসার, ডেটস রিকভারি ট্রাইবুনাল–III, কলকাতা বরাবরে ট্রাইবুনালের ঠিকানায় হাতে করে বা রেজিস্টার্ড/ স্পিড পোস্টের মাধ্যমে জমা দিতে হবে। ওপরে নির্ধারিত সময়সীমার পরে জমা পড়া ইএমডি ই–নিলামে অংশগ্রহণের জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবে না। ট্রাইবুনালের অফিসে বিড জমা পড়ার শেষ তারিখ ও সময় হল ০৫.১০.২০২৬ দুপুর ২টো এবং বিড বাড়ানোর ন্যূনতম অর্থমূল্য হল নির্ধারিত সংরক্ষণ মূল্যের ১% অর্থাৎ, ₹৬,৯৫,৩৯০.০০।

বিক্রয় নিষ্পত্তির তারিখের পরবর্তী তারিখে দুপুর ২টো ৩০ মিনিটের মধ্যে ওপরে লেখা অ্যাকাউন্টে সফল বিডারকে বিক্রয়মূল্যের ২৫% (আগে জমা দেওয়া ইএমডি অর্থাঙ্ক সমন্বয়ক্রমে) জমা দিতে হবে। পরবর্তী তারিখটি কোনও ছুটির দিন বা রবিবার হলে, তার ঠিক পরের অফিস খোলা থাকার তারিখে এই অর্থাঙ্ক জমা দিতে হবে। বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক ক্রেতাকে জমা দিতে হবে সম্পত্তি বিক্রির তারিখ (এই তারিখটি বাদ দিয়ে) থেকে ১৫তম দিন বা তার আগে এবং এই ১৫তম তারিখটিও যদি কোনও ছুটির দিন বা রবিবার হয়, তাহলে তার ঠিক পরের অফিস খোলা থাকার তারিখে ওপরে নির্ধারিত উপায়ে এই অর্থাঙ্ক জমা দিতে হবে। ওপরে উল্লিখিত অর্থাঙ্ক ছাড়াও ক্রেতাকে পাউন্ডেজ ফি বাবদ ২% হারে সর্বাধিক ₹১,০০০/– এবং এর ওপরে ১% হারে সর্বাধিক ₹১,০০০/– + ₹২০০/– **'Registrar, DRT-III, Kolkata'**–র অনুকূলে ডিমান্ড ড্রাফ্‌টের মাধ্যমে জমা দিতে হবে।

অন্যায্য মনে হলে যে কোনও বা সমস্ত বিড গ্রহণ বা বাতিল করা কিংবা কোনও কারণ না দেখিয়ে যে কোনও পর্যায়ে নিলাম স্থগিত রাখার অধিকার নিম্নস্বাক্ষরকারীর থাকবে। ওপরে নির্ধারিত সময়সীমার মধ্যে অর্থাঙ্ক প্রদানে বিফলতার ক্ষেত্রে বিক্রির খরচাপাতি সমন্বয়ের পরে জমাকৃত অর্থাঙ্ক নিম্নস্বাক্ষরকারীর সিদ্ধান্ত অনুযায়ী সরকার বাজেয়াপ্ত করবে এবং এমন ক্ষেত্রে খেলাপকারী ক্রেতা সম্পত্তির ওপর কিংবা পরবর্তীতে সম্পত্তিটি যে মূল্যে বিক্রি করা হবে, তার ওপর বা এর কোনও অংশের ওপর কোনও দাবি জানাতে পারবেন না। এমন ক্ষেত্রে বিক্রির নতুন ঘোষণাপত্রে জারির পরে সম্পত্তিটি পুনরায় বিক্রি করা হবে।

সম্পত্তি পরিদর্শনে আগ্রহী ক্রেতারা এই ব্যক্তির সঙ্গে এখানে যোগাযোগ করতে পারেন: **মহামান্য রিসিভার শ্রীমতী তানিয়া মজুমদার, মহামান্য অ্যাডভোকেট (মোবাইল নং : ৯৬৭৪৩৭০৮১৭) এবং ধনেশ্বর সাহু, চিফ ম্যানেজার, মোবাইল নং ৯১৬৩২৬৫৫৮৬, ই–মেল: armcal@bankofbaroda.co.in**, অফিসের ঠিকানা: ব্যাঙ্ক অফ বরোদা, জেডওএসএআরবি, কলকাতা। ব্যাঙ্ক আধিকারিকের সঙ্গে আগাম যোগাযোগ সাপেক্ষে ০১.০৯.২০২৬ থেকে ১৫.০৯.২০২৬ তারিখের মধ্যে যে কোনও কাজের দিনে সকাল ১১টা থেকে দুপুর ৩টের মধ্যে সম্পত্তিগুলি পরিদর্শন করা যেতে পারে।

ই–নিলামের নির্ধারিত তারিখ ও সময় হল **০৭.১০.২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ১টা,** বিক্রি নিষ্পত্তি হওয়া পর্যন্ত প্রতি ক্ষেত্রে ৩ মিনিটের স্বতঃ মেয়াদ সম্প্রসারণে এবং বিডিং আয়োজিত হবে 'অনলাইন ইলেকট্রনিক বিডিং' উপায়ে মেসার্স পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর **https://baanknet.com** ওয়েব পোর্টালের মাধ্যমে ইউনিট ১, থার্ড ফ্লোর, ভিয়াস কমার্শিয়াল টাওয়ার, ওয়াদালা ট্রাক টার্মিনালের নিকটে, ওয়াদালা ইস্ট, মুম্বই–৪০০০৩৭। যোগাযোগের ব্যক্তি: শ্রী সুনীল কুমার, মোবাইল নং ৯০০৬৮৮৬৭৩৭, ই–মেল: **support.baanknet@psballiance.com**

উপরোক্ত নিলাম সম্পর্কিত বিশদ তথ্য, বিক্রির ঘোষণাপত্র, ই–নিলামের বিড ফর্ম, ডিক্লারেশন ফর্ম এবং বিডিংয়ের শর্ত ও নিয়মাবলি **https://drt.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ রয়েছে।

এই ই–নিলাম পরিচালনার জন্য মনোনীত ব্যক্তি হলেন: **শ্রী ধনেশ্বর সাহু, চিফ ম্যানেজার, মোবাইল: ৯১৬৩২৬৫৫৮৬, ই–মেল আইডি : armcal@bankofbaroda.co.in,** অফিসের ঠিকানা: ব্যাঙ্ক অফ বরোদা, জেডওএসএআরবি, কলকাতা.

আজ ১৪.০৮.২০২৬ এখানে নীচে এই ট্রাইবুনালের সিলমোহর দিয়ে আমি স্বাক্ষর করলাম।

স্বাঃ/–

(প্রদীপ কুমার মণ্ডল)
রিকভারি অফিসার
ভারত সরকার
কলকাতা ডেটস রিকভারি ট্রাইবুনাল–৩